

## শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড দেয়ার ক্ষেত্রে নতুন নিয়ম

প্রকাশিত: ০৩ - অক্টোবর, ২০১৯ ১২:০০ এ. এম.

বার কাউন্সিল পরীক্ষা

স্থাফ রিপোর্টার ॥ আইনজীবী অন্তর্ভুক্তি (এনরোলমেন্ট ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড দেয়ার ক্ষেত্রে নতুন সিদ্ধান্ত গ্রহণ করেছে বাংলাদেশ বার কাউন্সিল। এ সিদ্ধান্ত অনুযায়ী, কোর্স ডিউরেশনের স্বল্পতা, ইউজিসির অনুমোদন না থাকা এবং 'ও' লেভেলের পর 'এ' লেভেল না করে বিদেশী ল ডিগ্রীধারীদের রেজিস্ট্রেশন কার্ড দেবে না সংস্থাটি। অন্যদিকে রাজধানীর চাঁদনী চক মার্কেটের দোকান মালিকদের সংগঠনের নির্বাচনে নিষেধাজ্ঞা দিয়ে নিম্ন আদালতের আদেশ স্থগিত করেছে হাইকোর্ট। বুধবার হাইকোর্টের সংশ্লিষ্ট বেঞ্চের আদেশ ও বার কাউন্সিলের বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

বুধবার বার কাউন্সিলের সচিব (সিনিয়র জেলা ও দায়রা জজ) মোঃ রফিকুল ইসলাম স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। পুনঃরেজিস্ট্রেশন/ রেজিস্ট্রেশন প্রদানের বিষয়ে বার কাউন্সিলের সিদ্ধান্ত শীর্ষক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বার কাউন্সিলের গত ২১ সেপ্টেম্বর সভার সিদ্ধান্ত অনুসারে কিছু শিক্ষার্থীর নাম সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় বার কাউন্সিলে পাঠালেও পরীক্ষা করে দেখা যায় তাদের কোর্স ডিউরেশনের স্বল্পতা রয়েছে। যেমন্ম তুই বছরের পাস কোর্স এক বছরে শেষ করেছে, চার বছরের অনার্স কোর্স এক বছর বা তুই বছরে শেষ করেছে, যা নিয়মবহির্ভূত। এমন পরীক্ষার্থীদের বিষয়ে পুনঃরেজিস্ট্রেশন না দেয়ার সিদ্ধান্ত হয়।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: <u>www.dailyjanakantha.com</u> এবং <u>www.edailyjanakantha.com</u> ।। Copyright ® All rights reserved by dailyjanakantha.com

